



বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১

প্রধান কার্যালয়

ঢাকা।

বিজ্ঞপ্তি নং-৪১/২০১৭

তারিখঃ ০১ শ্রাবণ, ১৪২৪
১৬ জুলাই, ২০১৭

নিয়োগ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকে 'সহকারী পরিচালক(জেনারেল)' পদে নিয়োগের লক্ষ্যে প্যানেল প্রস্তুতির নিমিত্তে নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

০১। বেতন : জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ২২০০০-২৩১০০-২৪২৬০-২৫৪৮০-২৬৭৬০-২৮১০০-২৯৫১০-৩০৯৯০-৩২৫৪০-
স্কেল ৩৪১৭০-৩৫৮৮০-৩৭৬৮০-৩৯৫৭০-৪১৫৫০-৪৩৬৩০-৪৫৮২০-৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।

০২। শিক্ষাগত যোগ্যতা : ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ০৪ বছর মেয়াদী স্নাতক(সম্মান) অথবা স্নাতকোত্তর ডিগ্রী।
খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং তদুর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে সনাতন পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে নূন্যতম ০২(দুই)টিতে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। কোনো পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমানে প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবেঃ

(১) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

জিপিএ ৩.০০ বা তদুর্ধ্ব	প্রথম বিভাগ
জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম	দ্বিতীয় বিভাগ
জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম	তৃতীয় বিভাগ

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

অর্জিত সিজিপিএ		সমতুল্য শ্রেণি/বিভাগ
৪.০০ পয়েন্ট স্কেলে	৫.০০ পয়েন্ট স্কেলে	
৩.০০ বা তদুর্ধ্ব	৩.৭৫ বা তদুর্ধ্ব	প্রথম শ্রেণি/বিভাগ
২.২৫ বা তদুর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	২.৮১৩ বা তদুর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম	দ্বিতীয় শ্রেণি/বিভাগ
১.৬৫ বা তদুর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম	২.০৬৩ বা তদুর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম	তৃতীয় শ্রেণি/বিভাগ

০৩। পদ সংখ্যা : ২০০(দুইশত)টি, পদ সংখ্যা কম/বেশি হতে পারে।

০৪। বয়স ১৬/০৭/২০১৭ তারিখে : ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত সকল প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বছর।

খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।

০৫। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ০৮/০৮/২০১৭ তারিখের মধ্যে শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ Online Application Form পূরণের মাধ্যমে দরখাস্ত করতে হবে।

০৬। O' Level এবং A' Level এর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate), বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

০৭। Online Application Form এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।

০৮। দরখাস্ত করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে।

০৯। Online এ আবেদন করার পর CV Identification Number, Tracking Number ও Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। পরীক্ষার প্রবেশপত্র Download করা এবং পরবর্তী বিভিন্ন কাজে বর্ণিত তথ্যসমূহ প্রয়োজন হবে।

১০। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষা গ্রহণের পর উত্তীর্ণ প্রার্থীদের নিকট থেকে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি আহ্বান করা হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

১১। চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ১০নং ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক দলিলাদি স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে। অন্যথায় প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে।

১২। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।

১৩। প্রার্থীদের MCQ, লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৪। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।

১৫। কোন ক্ষেত্রে কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

১৬। বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-
(নূর-উন-নাহার)
মহাব্যবস্থাপক